গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০৬৪.৩২.০০২.১২ (অংশ-১)- ২১৪

তারিখঃ ০৯ বৈশাখ ১৪৩৩ / ২২ এপ্রিল ২০২৬

বিষয়ঃ টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার জন্য একটি মোটর সাইকেল ক্রয়ের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র: (১) বাসাইল পৌরসভা হতে প্রাপ্ত পত্র নং-৩৩১, তারিখঃ ২০/১১/২০২৫ খ্রি.
(২) অর্থ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্র নং-১৯, তারিখঃ ১০/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের মতামতের প্রেক্ষিতে এবং অর্থ বিভাগের ০৮ জুলাই ২০২৫ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৭ নং স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার জন্য একটি মোটর সাইকেল ক্রয়ের সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে...০৩ (তিন)...ফর্দ।

২২/৪/২৬

(আশফিকুন নাহার)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (পৌরসভা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (পৌরসভা-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

| স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্মসচিব<br>৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) পৌরসভা<br>৪) উন্নয়ন<br>৫) পানি সরবরাহ (পাস)<br>৬) উপজেলা অধিশাখা<br>৭) ইউপি অধিশাখা<br>৮) অডিট অধিশাখা<br>৯) আইন অধিশাখা |
| ডাইরি নং...........................<br>তারিখঃ........................... | স্বাক্ষর |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-৪ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১২৯.০০.০০৫.২৪-**১৯**

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪৩২
১০ মার্চ ২০২৬

**বিষয়ঃ টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য ০১(এক)টি মোটর সাইকেল ক্রয়ের অনুমতি প্রদান সংক্রান্ত।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০০২.১২(অংশ-১)-৭০৬, তারিখ: ০৪ জানুয়ারি ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার ০১(এক)টি মোটরসাইকেল বিদ্যমান থাকায় এবং অর্থ বিভাগের ০৮ জুলাই ২০২৫ তারিখের ০৭.১০১.০২০. ০০.০০.০০৯.২০২২-০৭নং স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের আওতাধীন টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য নতুন ০১(এক)টি মোটর সাইকেল ক্রয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের অপারগতা জ্ঞাপন করা হলো।

১০/০৩/২০২৬
(ইশতিয়াক আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৪১০৫৪৫৮৮

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

| যুগ্মসচিব (পৌরসভা-১ অধিশাখা) এর দপ্তর | |
|---|---|
| স্মারক নং- ১৩৪৬ | তারিখ: ২৯/০৩/২৬ |
| ১। পৌর-১ শাখা<br>২। পৌর-২ শাখা | যুগ্মসচিব<br>স্থানীয় সরকার বিভাগ |

নম্বরঃ..................তারিখঃ ৩০/৩/২৬
১. যুগ্মসচিব/উপসচিব (পৌর অধিঃ)-১/২
২. উপসচিব/সিঃ সঃ সঃ (পৌর শাখা)- ১/২/৩/৪
অতিরিক্ত সচিব (পৌরঃ) অনুবিভাগ

উপসচিব/সিঃ সহঃ সচিব (পৌর-২ শাখা)
স্মাঃ নং তাং
উপসচিব/সিঃ সহঃ সচিব
পৌর-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
গ্রহণ ও প্রেরণ শাখা
তারিখ ২২/৩/২৬
ডাইরি নং ৪৩৪৪

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৭ তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২ / ০৮ জুলাই ২০২৫

## পরিপত্র

বিষয়ঃ **২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ।**

চলমান সংকোচনমূলক নীতির প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানীসমূহের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে **পরিচালন বাজেটের আওতায়** নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) সকল ধরনের থোক বরাদ্দ (কোড নং ৩৯১১১১১ ও ৪৯১১১১১) হতে ব্যয় বন্ধ থাকবে;

(২) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। তবে, ১০ বছরের অধিক পুরোনো টিওএন্ডইভুক্ত যানবাহন প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৩) পরিচালন বাজেটের আওতায় শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট স্থাপনা ব্যতীত নতুন আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) নির্মাণ বন্ধ থাকবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৫০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৪) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে।

(খ) চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে **উন্নয়ন বাজেটের আওতায়** নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;

(২) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ'-এর ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে;

(৩) পরিকল্পনা কমিশনের অনুকূলে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতে জিওবি বাবদ সংরক্ষিত এবং মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে 'থোক বরাদ্দ' হিসেবে সংরক্ষিত জিওবি'র সম্পূর্ণ অংশ অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে।

(গ) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে। তবে, অত্যাবশ্যকীয় বিবেচনায় সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত ক্ষেত্রে বিদেশ ভ্রমণ করা যাবে;

(১) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা/বিশ্ববিদ্যালয়/দেশ কর্তৃক প্রদত্ত স্কলারশীপ/ফেলোশীপ-এর আওতায় বৈদেশিক অর্থায়নে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত বিদেশ ভ্রমণ;

(২) বিদেশী সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগীদের সম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ;

(৩) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে স্টাডি ট্যুর ব্যতিত পেশাগত দক্ষতা বৃদ্ধির সাথে সঙ্গতিপূর্ণ বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করা যাবে। তাছাড়া, অভ্যন্তরীণ প্রশিক্ষণের সাথে সঙ্গতিপূর্ণ মৌলিক ও আবশ্যিক প্রশিক্ষণের বৈদেশিক অংশ উপযুক্ত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে আয়োজন করা যাবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(৪) Pre-shipment Inspection (PSI)/Factory Acceptance Test (FAT)-এর আওতায় বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি-এর ২ জানুয়ারি ২০২৪ তারিখের ০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৫) সকল বিদেশ ভ্রমণের ক্ষেত্রে প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৯ ডিসেম্বর ২০২৪ তারিখের ১২ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।

০৮.৭.২৫
(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব
☎ ৯৫১ ৪১৪৬
ই-মেইলঃ zakirh@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব, ......................................, মন্ত্রণালয়/বিভাগ
৬. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৮. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৯. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
১০. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১১. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১২. মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা